

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
+88-02-9511066, +88-02-9552323, www.most.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি


“বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নবনিযুক্ত মন্ত্রীকে স্বাগত অনুষ্ঠান”

ঢাকা ০৮ জানুয়ারি, ২০১৯;

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান পুনরায় নবনিযুক্ত হয়ে অত্র মন্ত্রণালয়ে মন্ত্রী হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়েছেন। সেই উপলক্ষে মন্ত্রণালয়ের সভাকক্ষে সকল কর্মকর্তা ও মন্ত্রণালয়ের আওতাধীন প্রধানগণকে নিয়ে তাঁকে স্বাগত জানানো হয়।

স্বাগত বক্তব্যে মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যেতে হবে। বর্তমান সরকার দেশের উন্নয়নে বদ্ধপরিকর। সেই ধারাবাহিকতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহকে দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য আহ্বান জানান। এ প্রসঙ্গে তিনি বলেন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ২৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভব হবে। এ ধরনের প্রকল্প বাস্তবায়নে মাধ্যমে বাংলাদেশ পৃথিবীকে বার্তা দিতে চায় যে আমাদের লোকেরা এ ধরনের একটি মেগা প্রকল্প বাস্তবায়ন করতে পারে।

উক্ত অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, মন্ত্রণালয়াদীন সংস্থাপ্রধানগণ এবং প্রকল্পপরিচালকগণ উপস্থিত ছিলেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd

royv047@gmail.com